

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি  
(রাজস্ব শাখা)  
[www.jhalakathi.gov.bd](http://www.jhalakathi.gov.bd)

স্মারক নং ৩১.১০.৪২০০.০১২.১১.০০১.২৫-৩৭৬

তারিখ: ২৩ আষাঢ়, ১৪৩৩  
০৭ জুলাই, ২০২৬


**বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন ২০ তম গ্রেডের ০৩ (তিন)টি ক্যাটাগরির ১৮ (আঠার) টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠিতব্য পরীক্ষার জন্য আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ, সময় ও কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

ক্রমিক	পদের নাম ও সংখ্যা	কেন্দ্রের নাম	লিখিত পরীক্ষার তারিখ ও সময়
০১	অফিস সহায়ক (১৫ জন)	ঝালকাঠি সরকারি কলেজ	২৪ জুলাই, ২০২৬, শুক্রবার, সকাল ১০.০০ টা হতে ১১.০০টা পর্যন্ত
		ঝালকাঠি সরকারি বালক উচ্চ বিদ্যালয়	
		সরকারি হরচন্দ্র বালিকা বিদ্যালয়, ঝালকাঠি	
০২	পরিচ্ছন্নতাকর্মী (০১ জন)	ঝালকাঠি সরকারি বালক উচ্চ বিদ্যালয়	
০৩	নিরাপত্তা প্রহরী (০২ জন)	ঝালকাঠি সরকারি বালক উচ্চ বিদ্যালয়	

**পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ**

- ১) লিখিত পরীক্ষার প্রবেশপত্র <http://dcjhalakathi.teletalk.com.bd> এই ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। সংশ্লিষ্ট প্রার্থীকে User ID এবং Password ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোডপূর্বক প্রিন্ট করে নিতে হবে।
- ২) প্রবেশপত্র আগামী ২১ জুলাই, ২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত ডাউনলোড করা যাবে।
- ৩) লিখিত পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষার দিন অবশ্যই সাথে আনতে হবে এবং মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র প্রদান করা হবে না; প্রবেশপত্র ব্যতিত কোন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৪) পরীক্ষার্থীকে নিজ জাতীয় পরিচয়পত্রের মূলকপি অবশ্যই সাথে আনতে হবে।
- ৫) নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শুরুর পর কোন প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না এবং পরীক্ষার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবে না।
- ৬) হাজিরা তালিকা এবং উত্তরপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্রের স্বাক্ষরের অনুরূপ হতে হবে।
- ৭) সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোন খাতা বা কাগজ সরবরাহ করা হবে না এবং ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সাথে অবশ্যই জমা দিতে হবে।
- ৮) মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, চারিত্রিক সনদের মূল কপি, নিজ জেলার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর সনদ/প্রত্যয়ন পত্রের মূল কপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র/প্রত্যয়ন পত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সকল সনদ/প্রত্যয়ন পত্রের ১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৯) পরীক্ষা কক্ষে মোবাইল ফোন, ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না। পরীক্ষা চলাকালে কোন প্রকার অসদাচরণ অথবা অসদুপায়ন অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০) লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ১১) পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি এবং ফলাফল এ জেলার ওয়েবসাইট ([www.jhalakathi.gov.bd](http://www.jhalakathi.gov.bd)) এ প্রকাশ করা হবে।
- ১২) কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।



মো: মমিন উদ্দিন

জেলা প্রশাসক

ঝালকাঠি

ফোন: ০২৪৭৮৮৭৫৩০০

ই-মেইল: [dcjhalokati@mopa.gov.bd](mailto:dcjhalokati@mopa.gov.bd)